শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি

## Cox's Bazar Palli Bidyut Samity

জেনারেল ম্যানেজারের কার্যালয়
ঝিলংজা, কক্সবাজার।

web: www.pbs.coxsbazar.gov.bd, e-mail: coxspbs@yahoo.com, Phone: 880-341-63997/64022

স্মারক নং-২৭.১২.২২২৪.৫১৫.০১.০৩৮.২৩. ১২৮৭

তারিখ : ১৯ চৈত্র' ১৪২৯ বাংলা
০২ এপ্রিল' ২০২৩ খ্রিঃ

**কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে দরপত্র আহবান প্রসংগে।**

কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় ডট প্রিন্টারের হেড ক্রয়ের লক্ষ্যে বাংলাদেশী প্রকৃত আমদানীকারক/ডিলার/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে RFQ (রিকোয়েষ্ট ফর কোটেশন) এর মাধ্যমে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক | মালামালের বিবরন | পরিমান | একক মূল্য | মোট মূল্য (টাকা) | দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | গ্রহণ | খোলা |
| ০১ | Printing Head for Epson LQ-2190 Dot Matrix Printer (Epson Original কীটসহ) | ১৫ টি | | | **তারিখ :** ১০/০৪/২০২৩ খ্রিঃ তারিখ রোজ সোমবার দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত। | **তারিখ :** ১০/০৪/২০২৩ খ্রিঃ তারিখ রোজ সোমবার দুপুর ১২:০৫ ঘটিকা। |
| কথায়ঃ | | | | | | |

শর্তাবলী:-

০১। আগ্রহী দরদাতা প্রতিষ্ঠানকে নিজস্ব লেটার হেড প্যাডে উপরে বর্ণিত সময়সীমার দিন, তারিখ ও সময়ে **কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, সদর দপ্তর, ঝিলংজা, কক্সবাজার এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায়** রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র জমা প্রদান করতে হবে। দাখিলকৃত দরপত্র সমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী **অত্র পবিসের সদর দপ্তর, ঝিলংজা, কক্সবাজার এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯** এ আগ্রহী দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২। দরপত্রের খামের উপর **" ডট প্রিন্টারের হেড সরবরাহের দরপত্র "** কথাটি স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

০৩। দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। দরপত্রে কোন কাটাকাটি, ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না।

০৪। দরপত্র দাখিলের সময় দরপত্রের সহিত হালনাগাদ (ক) বৈধ ট্রেড লাইসেন্স (খ) ভ্যাট রেজিষ্ট্রেশন (গ) ব্যাংক সলভেন্সী ও (ঘ) আয়কর সনদ প্রথম শ্রেনীর সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি দাখিল করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৫। সফল দরদাতাকে কার্যাদেশ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে মালামাল নিজ খরচে কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরে পৌঁছাতে হবে। যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তিমূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে সরবরাহকৃত মালামালের মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা কার্যাদেশের মোট মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যথায় কার্যাদেশ বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।।

০৬। মালামালের নমুনা অত্র পবিস এর প্রশাসন বিভাগে সংরক্ষিত রয়েছে। দরদাতাকে দরপত্র দাখিলের পূর্বে অত্র পবিস হতে নমুনা দেখে দর দাখিল করতে হবে।

০৭। মালামাল সমূহ উপরে বর্ণিত বিবরণ ও পবিস কর্তৃক প্রদত্ত নমুনা মোতাবেক হতে হবে। মালামাল সরবরাহের পর সমিতি কর্তৃক গঠিত কমিটির মাধ্যমে গুনগতমান যাচাই করা হবে। সরবরাহকৃত মালামালের গুণগতমান সন্তোষজনক না হলে সমিতি কর্তৃক কোনক্রমেই মালামাল গ্রহণ করা হবে না।

০৮। মালামাল সমুহের ০৬ মাসের ওয়ারেন্টি প্রদান করতে হবে। ওয়ারেন্টি কালের মধ্যে কোন সমস্যার উদ্ভব হলে সেক্ষেত্রে নিজ খরচে তা পরিবর্তন করে দিতে হবে।

০৯। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে কক্সবাজার পবিস কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১০। দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট/আয় কর কর্তন করা হবে।

১১। দরপত্রে উল্লেখিত মালামালের পরিমান কম/বেশী হতে পারে। এক্ষেত্রে প্রকৃত সংখ্যা /পরিমান অনুযায়ী বিল পরিশোধ করা হবে।

১২। দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে লিখিতভাবে জানাতে হবে।

১৩। কক্সবাজার পবিস কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করার সম্পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করে।

১৪। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

02/04/23.

(প্রকৌঃ দীলিপ চন্দ্র চৌধুরী)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপি: (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)

০১। পরিচালক পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখে দরপত্র গ্রহণের সদয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।
০২। জেলা প্রশাসক, কক্সবাজার।
০৩। পুলিশ সুপার, কক্সবাজার।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.................পবিস-১/২/৩/৪।
০৫। নির্বাহী প্রকৌঃ, এলজিইডি/সড়ক ও জনপথ কার্যালয়, কক্সবাজার।
০৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েব সাইট-এ দরপত্র প্রকাশের নিমিত্তে অনুরোধসহ)।
০৭। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, কক্সবাজার।
০৮। ডিজিএম, টেকনাফ জোনাল অফিস, কক্সবাজার পবিস।
০৯। সহকারী প্রকৌশলী, বাপবিবোর্ড, কক্সবাজার। নির্ধারিত তারিখে কক্সবাজার পবিসের সদর দপ্তরে উপস্থিত হয়ে প্রাপ্ত দরপত্র সমূহ মূল্যায়ন করবেন।
১০। এজিএম (ওএন্ডএম/অর্থ-হিসাব/প্রশাসন), কক্সবাজার পবিস।
১১। এজিএম ( আইটি-১/২), কক্সবাজার পবিস, ( বিজ্ঞপ্তিটি কক্সবাজার পবিসের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন)।
১২। মেসার্স..........................................................।
১৩। নোটিশ বোর্ড, কক্সবাজার পবিস/ওয়েব সাইট: www.pbs.coxsbazar.gov.bd
১৪। অফিস কপি/মাষ্টার ফাইল।

02/04/23.

(প্রকৌঃ দীলিপ চন্দ্র চৌধুরী)
সিনিয়র জেনারেল ম্যানেজার

F:\Lipe-2020\Admine\01.038\Schedule-22\রিবন এন্ড প্রিন্টারের হেড\RFQ.docx